عَنْ مُعَاذَ بْنِ جَبَلٍ قَالَ: يَا نَبِيَّ اللهِ، أَخْبِرْنِيْ بِعَمَلٍ يُدْخِلُنِي الْجَنَّةَ؟ قَالَ: بَخٍ لَقَدْ سَأَلْتَ عَنْ عَظِيْمٍ، وَإِنَّهُ لَيَسِيْرٌ عَلَى مَنْ يَسَّرَهُ اللهُ تَعَالَى عَلَيْهِ تَعْبُدُ اللهَ عَزَّ وَجَلَّ وَلَا تُشْرِكْ بِهِ شَيْئًا وتُقِيْمُ الصَّلَاةَ الْمَكْتُوْبَةَ وَتُؤْتِي الزَّكَاةَ الْمَفْرُوْضَةَ أَلَا أَدُلُّكَ عَلَى رَأْسِ الْأَمْرِ وَعُمُوْدِهِ وَذُرْوَةِ سَنَامِهِ؟ أَمَّا رَأْسُ الْأَمْرِ الْإِسْلَامُ أَسْلِمْ تَسْلَمْ وَأَمَّا عُمُوْدُهُ فَالصَّلَاةُ وَأَمَّا ذُرْوَةُ سَنَامِهِ فَالْجِهَادُ فِيْ سَبِيْلِ اللهِ

হযরত মুআজ ইবনে জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি জিজ্ঞেস করলেন, হে আল্লাহর নবী! আমাকে এমন আমল বলে দিন, যে আমল আমাকে জান্নাতে প্রবেশ করাবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, বাহ্! তুমি একটি গুরুত্বপূর্ণ কঠিন বিষয়ে প্রশ্ন করেছ।

তবে এটা আল্লাহ তা'আলা যার জন্য সহজ করে দেন তার জন্য খুবই সহজ। আর তা হলো: এক আল্লাহর ইবাদত করবে, তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না। ফরজ সালাতগুলো কায়েম করবে। ফরজ যাকাত আদায় করবে। আমি কি তোমাকে সকল কাজের মূল ভিত্তি, তার পিলার বা খুঁটি এবং তার সর্বোচ্চ চূড়া সম্পর্কে বলবো না? সকল কাজের মূল হলো ইসলাম। তাই তুমি ইসলাম গ্রহণ করো এবং শান্তিতে থাক। আর তার পিলার বা খুঁটি হলো সালাত। এবং তার সর্বোচ্চ চূড়া হলো 'আল জিহাদ ফী সাবীলিল্লাহ' আল্লাহর রাস্তায় যুদ্ধ করা। (মুসতাদরাকে হাকেম ২৪০৮ হাদীসটি সহীহ, বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী। মুসনাদে আহমদ ২২০৬৪, সুনানে বাইহাকী ১৮২৫৩)

عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ فِي الْجَنَّةِ مِائَةَ دَرَجَةٍ أَعَدَّهَا اللَّهُ لِلْمُجَاهِدِينَ فِي سَبِيلِ اللَّهِ، مَا بَيْنَ الدَّرَجَتَيْنِ كَمَا بَيْنَ السَّمَاءِ وَالأَرْضِ، فَإِذَا سَأَلْتُمُ اللَّهَ فَاسْأَلُوهُ الْفِرْدَوْسَ، فَإِنَّهُ أَوْسَطُ الْجَنَّةِ وَأَعْلَى الْجَنَّةِ، أُرَاهُ فَوْقَهُ عَرْشُ الرَّحْمَنِ، وَمِنْهُ تَفَجَّرُ أَنْهَارُ الْجَنَّةِ "

তিনি ﷺ আরো ইরশাদ করেন, "যারা আল্লাহর পথে জিহাদ করে তাদের জন্য জান্নাতে একশতটি স্তর রয়েছে, প্রতিটি স্তরের পার্থক্য আসমান-যমীনের সমান। সুতরাং তোমরা যখন আল্লাহ তা'আলার কাছে চাইবে, জান্নাতুল ফিরদাউস চাইবে, কেননা সেটিই জান্নাতের সর্বোত্তম ও সর্বোচ্চ মাকাম। এরই উপরিভাগে পরম করুনাময় 'আর-রহমানের' আরশ অবস্থিত।" (বুখারী)

সুবহানাল্লাহ!!!

তাই বন্ধু! যদি তুমি পরকালে সহজে জান্নাত চাও, তাহলে জিহাদ ও সবরের পরীক্ষায় অবশ্যই বসতে হবে; আল্লাহর রাস্তায় অবশ্যই যুদ্ধ করতে হবে; এ পরীক্ষায় তোমাকে অবশ্যই উত্তীর্ণ হতে হবে। নচেৎ জান্নাত মিস্ হয়ে যায় কিনা, তোমার জন্য ভয় হয়, বন্ধু!!

আর বন্ধু! যেহেতু তুমি ইবাদতের মাধ্যমে জান্নাত লাভ করতে চাও, তুমি কি চাওনা তোমার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাক???

مَنْ قَاتَلَ فِي سَبِيلِ اللَّهِ مِنْ رَجُلٍ مُسْلِمٍ فَوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, “মুসলিম মিল্লাতের অন্তর্ভূক্ত যে কোনো ব্যক্তি ক্ষণকালের জন্যও আল্লাহর রাস্তায় জিহাদ করবে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে।” (আবু দাউদ-২২১৬/২৫৪১, তিরমিযী-১৬৫৭, সুনানে আন-নাসায়ী-৩১৪১,)

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَاتَلَ فِي سَبِيلِ اللَّهِ مِنْ رَجُلٍ مُسْلِمٍ فَوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ وَمَنْ جُرِحَ جُرْحًا فِي سَبِيلِ اللَّهِ أَوْ نُكِبَ نَكْبَةً فَإِنَّهَا تَجِئُ يَوْمَ الْقِيَامَةِ كَأَغْزَرِ مَا كَانَتْ لَوْنُهَا الزَّعْفَرَانُ وَرِيحُهَا كَالْمِسْكِ "

মুআয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত, নবী করীম ﷺ ইরশাদ করেন, “যে মুসলমান আল্লাহ্ তা'আলার পথে উষ্ট্রীর দুইবার দুধ দোহনের মধ্যবর্তী (সময়ের পরিমাণ) সময় জিহাদ করল তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে গেছে। আল্লাহ্ তা'আলার পথে যে আহত হল অথবা আঘাতপ্রাপ্ত হল, এই জখম কিয়ামতের দিবসে আরো তাজা হয়ে উপস্থিত হবে। এই জখমের রং যাফরানের মত হবে এবং এর ঘ্রাণ কস্তুরীর মত সুগন্ধময় হবে।” (সহীহ্, ইবনু মাজাহ-২৭৯২; জামে' আত-তিরমিজি, হাদিস নং ১৬৫৭)

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ : " إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يُدْخِلُ بِالسَّهْمِ الْوَاحِدِ ثَلاَثَةَ نَفَرٍ الْجَنَّةَ : صَانِعَهُ يَحْتَسِبُ فِي صَنْعَتِهِ الْخَيْرَ، وَالرَّامِيَ بِهِ، وَمُنْبِلَهُ، وَارْمُوا وَارْكَبُوا، وَأَنْ تَرْمُوا أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ تَرْكَبُوا،

'উক্বাহ ইবনু 'আমির (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রসূলুল্লাহ ﷺ-কে বলতে শুনেছি : একটি তীরের কারণে মহান আল্লাহ তিন ব্যক্তিকে জান্নাতে প্রবেশ করাবেন। তীর প্রস্তুতকারী, যদি সে জিহাদের নেক আশা নিয়ে প্রস্তুত করে, (যুদ্ধে) তীর নিক্ষেপকারী এবং যে ব্যক্তি তা নিক্ষেপের উপযোগী করে নিক্ষেপকারীকে সরবরাহ করে (নিক্ষেপের জন্য তীর এগিয়ে দেয়)। তোমরা তীরন্দাজী ও অশ্বারোহীর প্রশিক্ষণ নাও। তোমাদের অশ্বরোহীর প্রশিক্ষণের চাইতে তীরন্দাজীর প্রশিক্ষণ আমার নিকট অধিক প্রিয়।" [সুনান আত-তিরমিযী (২৭৭/১৭০৩), যঈফ সুনান ইবনু মাজাহ (৬১৮/২৮১১); সুনানে আন-নাসায়ী, -৩১৪৬]

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَعْنِي " يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ الْمُجَاهِدُ فِي سَبِيلِ اللَّهِ هُوَ عَلَيَّ ضَامِنٌ إِنْ قَبَضْتُهُ أَوْرَثْتُهُ الْجَنَّةَ وَإِنْ رَجَعْتُهُ رَجَعْتُهُ بِأَجْرٍ أَوْ غَنِيمَةٍ "

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "অর্থাৎ আল্লাহ্ তা'আলা বলেনঃ আমার পথে জিহাদকারীর জন্য আমি নিজেই যামিন। আমি তার জীবনটা নিয়ে নিলে তবে তাকে জান্নাতের উত্তরাধিকারী বানিয়ে দেই। আমি তাকে (যুদ্ধক্ষেত্র হতে) ফিরিয়ে আনলে তবে তাকে ছাওয়াব বা গানীমাতসহ ফিরিয়ে আনি।" [সহীহ্, তা'লীকুর রাগীব (২/১৭৮), জামে' আত-তিরমিজি, হাদিস নং ১৬২০]

❖ ওহে আল্লাহর বান্দা!

তুমি যে জান্নাত কামনা করছ, তুমি কি এখন পর্যন্ত তোমার জানকে আল্লাহ তা'আলার কাছে বিক্রয় করতে পেরেছ? আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّ ٱللَّهَ ٱشْتَرَىٰ مِنَ ٱلْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَٰلَهُم بِأَنَّ لَهُمُ ٱلْجَنَّةَ ۚ يُقَٰتِلُونَ فِى سَبِيلِ ٱللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ ۖ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِى ٱلتَّوْرَىٰةِ وَٱلْإِنجِيلِ وَٱلْقُرْءَانِ ۚ وَمَنْ أَوْفَىٰ بِعَهْدِهِۦ مِنَ ٱللَّهِ ۚ فَٱسْتَبْشِرُوا۟ بِبَيْعِكُمُ ٱلَّذِى بَايَعْتُم بِهِۦ ۚ وَذَٰلِكَ هُوَ ٱلْفَوْزُ ٱلْعَظِيمُ ١١١

"আল্লাহ ক্রয় করে নিয়েছেন মুসলমানদের থেকে তাদের জান ও মাল এই মূল্যে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর রাহে, অতঃপর মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কুরআনে তিনি এ সত্য প্রতিশ্রুতিতে অবিচল। আর আল্লাহর চেয়ে প্রতিশ্রুতি রক্ষায় কে অধিক (সত্যবাদী)? সুতরাং তোমরা আনন্দিত হও সে লেনদেনের উপর, যা তোমরা করছ তাঁর সাথে। আর এ হল মহান সাফল্য।" (৯ সূরা তাওবা: ১১১)

বন্ধু, ভালোভাবে খেয়াল কর-

এই আয়াতটিতে আল্লাহ তা'আলা মুমিনের সাথে একটি ব্যবসা করছেন। এখানে ক্রেতা স্বয়ং আল্লাহ পাক নিজে, বিক্রেতা ঈমানদারগণ (যারা আল্লাহ, তাঁর রাসূল এবং পরকালে বিশ্বাসী), যে জিনিস রব্বে কারীম ক্রয় করছেন তা হলো মুমিনের জান ও মাল, বিনিময় হচ্ছে জান্নাত।

আচ্ছা, বন্ধু! এই আয়াতটিকে তোমরা যেখানে ইচ্ছা সেখানে ব্যবহার কর; অথচ এই ব্যবসায়ের স্থান (বাজার) কোথায় হবে, তা তো আল্লাহ পাক

নিজেই বলে দিয়েছেন "তারা যুদ্ধ করে আল্লাহর রাহে, অতঃপর মারে ও মরে" অর্থাৎ, জিহাদের ময়দান। 'মারা আর মরা' তো যুদ্ধের ময়দান ছাড়া সম্ভব নয়। আর এই ওয়াদা (যুদ্ধের বিনিময়ে যে জান্নাত দিবেন তা) যে সত্য এই ব্যাপারে তিনি সুব্‌হানাহু ওয়া তা'আলা নিজেই তাওরাত, ইঞ্জিল ও কুরআনের দলীল দিচ্ছেন।

সুতরাং, বন্ধু! জান্নাত পেতে হলে তোমার জান ও মালকে আল্লাহর রাস্তা তথা যুদ্ধের ময়দানে গিয়ে আল্লাহ্ তা'আলার কাছে বিক্রয় করতে হবে।

❖ ওহে হারামাইনের আবেদ!

বন্ধু! তুমি জান্নাত থেকে কত পিছনে পড়ছ একটু চিন্তা কর!

রাসূলুল্লাহ ﷺ মূতার যুদ্ধাভিযানে (সারিয়্যা) হযরত আব্দুল্লাহ্ ইবনে রাওয়াহা (রা.) কে প্রেরণ করলেন। যেদিন সকালে জামাত যুদ্ধের জন্য বেরিয়ে গেল, সেদিন ছিল শুক্রবার, জুমুআর দিন।

হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু চিন্তা করলেন, এই যুদ্ধে যদি শহীদ হয়ে যাই, তাহলে তো আল্লাহর রাসূলের ﷺ চেহারা মুবারক আর হয়তো কখনো দেখা হবে না, তাঁর পিছনে আর হয়তো কোনোদিন নামায আদায় করতে পারবো না, তাহলে এক কাজ করি, জুমুআর নামায আল্লাহ্র রাসূলের পিছনে আদায় করে, পরে বেরিয়ে পড়ব। আর যেহেতু আমার ঘোড়া অনেক দ্রুতগামী, তাই অন্যদের সাথে সহজেই জুড়তে পারব।

আল্লাহর রাসূল ﷺ জুমুআর নামাযের সালাম ফিরানোর পর দেখলেন, আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রাদিয়াল্লহু আনহু এখনো বের হননি। ফলে তিনি মনঃক্ষুণ্ন হলেন। তখন নবীজী ﷺ আফসোস করে বললেন,

لَوْ أَنْفَقْتَ مَا فِي الْأَرْضِ جَمِيْعًا مَا أَدْرَكْتَ فَضْلَ غَدْوَتِهِمْ

"তুমি দুনিয়ার সব কিছু আল্লাহ্র রাস্তায় ব্যয় করলেও তাদের সকালে বের হয়ে যাওয়ার সমান ফযীলত পাবে না।" (সুনানে তিরমিযী-১/১১৮, মুসনাদে আহমাদ)

মুসনাদে আহ্মদের অপর এক বর্ণনায় রয়েছে, মু'আয ইবনে আনাস (রা.) বর্ণনা করেন, রাসূলুল্লাহ ﷺ এক ব্যক্তিকে জিজ্ঞাসা করলেন, তুমি কি জান, তোমার সাথীরা তোমার চেয়ে কত অগ্রে পৌঁছে গেছে? সে ব্যক্তি উত্তর দিলেন, এক সকাল মাত্র। রাসূলুলাহ সালালাহু আলাইহি ওয়াসালাম বললেন, তোমার সাথীরা দুনিয়ার পূর্ব-পশ্চিমের মাঝে যে দূরত্ব রয়েছে তার চেয়েও অধিক দূরত্বে পৌঁছে গেছে। (মুসনাদে আহ্মদ -৩/৪৩৮)

عَنْ الْحَسَنِ قَالَ قَالَ رَسُولُ اللهِ : غَدْوَةٌ أَوْ رَوْحَةٌ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيْهَا، وَلَوْ قُوْفُ أَحَدِكُمْ فِي الصَّفِّ خَيْرٌ مِّنْ عِبَادَةِ رَجُلٍ سِتِّيْنَ سَنَةً

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "সেই মহান সত্তার কসম করে বলছি, যার হাতে মুহাম্মাদের প্রাণ! এক সকাল কিংবা এক বিকাল আল্লাহর রাস্তায় নিজেকে নিয়োজিত রাখাটা (যুদ্ধ করা) গোটা দুনিয়া ও তার মধ্যে যা কিছু আছে সে সমস্ত জিনিস হতে উত্তম। আর তোমাদের কারোও যুদ্ধের ময়দানে কাতার বন্দী হওয়া ষাট বৎসরের নামায পড়ার চেয়ে উত্তম।" (বুখারী, মুসলিম, তিরমিযী, ইবনে মাজাহ, মুসনাদে আহমদ, মুসনাদে আব্দুর রাজ্জাক-৫/২৫৯, হাদীস নং-৯৫৪৩)

প্রিয় ভাই! মক্কা-মদীনায় জন্মগ্রহণ করা কিংবা সেখানে মৃত্যুবরণ করতে পারা কতই না সৌভাগ্যের বিষয়, তাই না! এটাতো আমরা সবসময়ই কামনা করে থাকি। কিন্তু আল্লাহ্‌র রাসূলের ﷺ মেজাজ দেখ!

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: مَاتَ رَجُلٌ بِالْمَدِينَةِ مِمَّنْ وُلِدَ بِهَا، فَصَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ: «يَا لَيْتَهُ مَاتَ بِغَيْرِ مَوْلِدِهِ»، قَالُوا: وَلِمَ ذَاكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «إِنَّ الرَّجُلَ إِذَا مَاتَ بِغَيْرِ مَوْلِدِهِ قِيسَ لَهُ مِنْ مَوْلِدِهِ إِلَى مُنْقَطَعِ أَثَرِهِ فِي الْجَنَّةِ»

হযরত আব্দুল্লাহ্ ইবনে আমর রাদি. বলেন, এক ব্যক্তি মদীনা মুনাওয়ারায় ইন্তেকাল করলেন। তার জন্মও আল্লাহ্‌র রাসূলের ﷺ শহর মদীনায়ই হয়েছিল। প্রিয় নবী তার জানাযার নামায পড়ালেন এবং তার জন্য আফসোস করে বললেন, "হায়! এই ব্যক্তি যদি তার জন্মস্থান ব্যতীত অন্য কোনো স্থানে মৃত্যুবরণ করত!" সাহাবা রাদি. জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলাল্লাহ্! আপনি কেন এরূপ বললেন?" তিনি এরশাদ করলেন, "মানুষ যখন (জিহাদের প্রয়োজনে) তার জন্মস্থান ব্যতীত অন্যত্র ইন্তেকাল করে, তখন তার জন্মস্থান থেকে মৃত্যুস্থান পর্যন্ত জায়গা মেপে তা তাকে জান্নাতে দান করা হয়।" (নাসাঈ-১৮৩৩)

❖ ওহে ঘরে উপবিষ্ট মিসকিন!

আল্লাহর রাসূলের পিছনে মসজিদে নববীতে জুমুআর নামায আদায় করে, তাঁর চেহারা মোবারক দর্শন করেও যদি আল্লাহর রাস্তায় এক সকাল দেরী করার কারণে সারা দুনিয়ার সকল সম্পদ দান করেও তার সমান ফযীলত হাছিল করতে না পারা যায়; আল্লাহ্‌র রাস্তায় বের হতে এক সকাল

কিংবা এক বিকাল দেরী করার কারণে যদি দুই বান্দার মধ্যে মর্তবার পার্থক্য পূর্ব-পশ্চিমের ব্যবধান হয়ে যায়; জিহাদ না করে মদীনায় মৃত্যুবরণ করেও যদি আল্লাহ্র রাসূলের আফসোস শুনতে হয়; তাহলে বন্ধু! চিন্তা করে তুমিই বল, তুমি তো আল্লাহর রাস্তায় জিহাদে বেরই হওনি, তাহলে তুমি ঘরে বসে থেকে তোমার স্থাবর-অস্থাবর সকল সম্পত্তি দান করে দিয়ে, কিংবা অন্য কোন্ আমলের/মেহনতের বদলায় তুমি একজন মুজাহিদের এক সকাল কিংবা এক বিকালের ফযীলত হাছিল করতে পারবে? জান্নাত থেকে, জান্নাতের উঁচু মর্তবা থেকে তুমি কত হাজার বছর পিছিয়ে পড়ছো, তা কি একবার চিন্তা করে দেখেছো, বন্ধু?

❖ ওহে, স্ত্রীর আচলের ছায়ায় আশ্রয়গ্রহণকারী ব্যক্তি!

বন্ধু! তুমি যদি কাবা ঘরের ছাদের ছায়ায় দাঁড়িয়েও কেয়ামত পর্যন্ত নামায আদায় কর, তাহলেও তুমি 'ঘরে উপবিষ্ট' ব্যক্তিদের অন্তর্ভূক্ত হবে। হও না তুমি কাবাঘরের ইমাম, হও না তুমি মসজিদে নববীর ইমাম, হও না তুমি 'হারামাইন শরীফাইন'-এর দরস্ দানকারী মুহাদ্দিস, মুফাস্সির কিংবা গ্র্যান্ড মুফতী; কিংবা তুমি হতে পার দ্বীনের অন্য কোনো শাখায় মেহনতকারী সাথী ভাই, তাতে কী!

(জিহাদ ফরযে আইন হওয়া সত্ত্বেও, অন্যান্য মেহনতের পাশাপাশি) জিহাদ না করে যদি তুমি ঘরে বসে থাক, তাহলে কুরআনের ভাষায় তুমি 'ক্বয়ীদূন' (গৃহে উপবিষ্ট মুসলমান)! আর এ ধরণের ব্যক্তিরা কখনোই আল্লাহর রাস্তায় জিহাদকারীদের সমকক্ষ হবে না।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

لَّا يَسْتَوِى ٱلْقَٰعِدُونَ مِنَ ٱلْمُؤْمِنِينَ غَيْرُ أُو۟لِى ٱلضَّرَرِ وَٱلْمُجَٰهِدُونَ فِى سَبِيلِ ٱللَّهِ بِأَمْوَٰلِهِمْ وَأَنفُسِهِمْ ۚ فَضَّلَ ٱللَّهُ ٱلْمُجَٰهِدِينَ بِأَمْوَٰلِهِمْ وَأَنفُسِهِمْ عَلَى ٱلْقَٰعِدِينَ دَرَجَةً ۚ وَكُلًّا وَعَدَ ٱللَّهُ ٱلْحُسْنَىٰ ۚ وَفَضَّلَ ٱللَّهُ ٱلْمُجَٰهِدِينَ عَلَى ٱلْقَٰعِدِينَ أَجْرًا عَظِيمًا ٩٥

"৯৫. গৃহে উপবিষ্ট মুসলমান (যারা লড়াই করার ব্যাপারে অনিচ্ছা প্রকাশ করে এবং জিহাদ ত্যাগ করার)- যাদের কোনো সঙ্গত ওযর নেই এবং ঐ সব মুসলমান যারা জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে, তারা সমান নয়। যারা জান ও মাল দ্বারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথেই আল্লাহ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহেদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন। ৯৬. এগুলো আল্লাহ তা'আলার পক্ষ হতে পদমর্যাদা, ক্ষমা ও করুণা; আল্লাহ ক্ষমাশীল ও করুণাময়।"

(৪ সূরা নিসা :৯৫-৯৬)

❖ প্রিয় বন্ধু! একজন আবেদ কখনোই (সওয়াব ও মর্যাদার দিক থেকে) একজন মুজাহিদের সমান হতে পারে না:

عَنِ الْحَسَنِ بْنِ أَبِيْ الْحَسَنِ أَنَّ رَجُلًا كَانَ عَلَى عَهْدِ رَسُوْلُ اللهِ ﷺ لَهُ مَالٌ كَثِيْرٌ فَأَتَى رَسُوْلَ اللهِ ﷺ فَقَالَ: يَا رَسُوْلَ اللهِ أَخْبِرْنِيْ بِعَمَلٍ أُدْرِكُ بِهِ عَمَلَ الْمُجَاهِدِيْنَ فِيْ سَبِيْلِ اللهِ، فَقَالَ كَمْ مَالُكَ؟ قَالَ سِتَّةَ الاَف دِيْنَارٍ، فَقَالَ لَوْ أَنْفَقْتَهَا فِيْ طَاعَةِ اللهِ لَمْ تَبْلُغْ غُبَارَ شِرَاكِ نَعْلِ الْمُجَاهِدِيْنَ فِيْ سَبِيْلِ اللهِ، وَأَتَاهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُوْلَ اللهِ أَخْبِرْنِيْ بِعَمَلٍ أُدْرِكُ بِهِ عَمَلَ الْمُجَاهِدِيْنَ

فِيْ سَبِيْلِ اللهِ، فَقَالَ لَوْ قُمْتَ اللَّيْلَ وَصُمْتَ النَّهَارَ لَمْ تَبْلُغْ نَوْمَ الْمُجَاهِدِ فِيْ سَبِيْلِ اللهِ

এক ব্যক্তি রাসূলুল্লাহ -ﷺ এর দরবারে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি যদি আমার সম্পদ দান করি, তাহলে কি আল্লাহর পথে মুজাহিদদের আমলে পৌঁছতে পারব? রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমার সম্পদের পরিমাণ কত? লোকটি বলল, ছয় হাজার দিরহাম।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এই সম্পদ যদি আল্লাহ তা'আলার মনোনীত পথে দান করে দাও তবেও একজন মুজাহিদের পায়ের নিচে জুতার বালি সমপরিমাণ হতে পারবে না।
অন্য এক ব্যক্তি এসে আরজ করলেন, হে আল্লাহর রাসূল ﷺ! আমাকে এমন কিছু আমল বর্ণনা করে দিন যার দ্বারা আমি মুজাহিদের আমলের সমপর্যায়ে পৌঁছব, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, যদি তুমি সারা রাত্র নামায পড় আর দিন ভর রোযা রাখ তবেও মুজাহিদগণের ঘুমের সমপর্যায়ে পৌঁছতে পারবে না। (সুনানে সাঈদ ইবনে মানসূর-২/১৫০)

وعن أبي هريرة رضى الله تعالى عنه قال: جاء رجل إلى رسول الله ﷺ فقال : يا رسول الله كيف لي أن أنفق من مالي حتى أبلغ عمل المجاهد في سبيل الله؟ قال: ومالك؟ قال: ستة ألف. قال: لو تصدّقت بها كان عدل نومة الغازي في سبيل الله.

হযরত আবু হুরায়রা রা. হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ্ ﷺ এর নিকট এসে বলল, হে আল্লাহ্র রাসূল! আমি যদি আমার সম্পদ দান করি, তাহলে কি আল্লাহ্র পথে মুজাহিদদের আমলে পৌঁছতে

পারবো? রাসূলুল্লাহ্ ﷺ বললেন, তোমার সম্পদের পরিমাণ কত? লোকটি বলল, ছয় হাজার দিরহাম। রাসূলুল্লাহ্ ﷺ বললেন, "তুমি যদি তা দান করে দাও, তবে তা আল্লাহ্‌র পথে মুজাহিদের ঘুমের সমানও হবে না।"

(তাম্বীহুল গাফিলীন, পৃষ্ঠা: ৩৯১)

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ الطَّاعِمُ فِيْ سَبِيْلِ اللهِ كَالصَّائِمِ فِيْ غَيْرِه سَرْمَدًا - (كشف الاستار كتاب الجهاد باب فضل الجهاد، مشارع الاشواق:١١٩/١٦٠)

হযরত আনাস ইবনে মালেক (রা.) বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, "জিহাদের ময়দানে মুজাহিদগণের আহার করা জিহাদ ব্যতীত অন্যদের সারা জীবন রোযা রাখার সমান।"
(কাশফুল আসতার, মাশারিউল আশওয়াক্ব ইলা মাসারিয়িল উশ্‌শাক)

أن أبا هريرة قال : سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : " مثل المجاهد في سبيل الله - والله أعلم بمن يجاهد في سبيله - كمثل الصائم القائم، وتوكل الله للمجاهد في سبيله بأن يتوفاه أن يدخله الجنة، أو يرجعه سالما مع أجر أو غنيمة ".

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন,"আল্লাহর রাস্তার মুজাহিদ, আর আল্লাহ্ পাকই সবচেয়ে ভালো জানেন কে তাঁর রাস্তায় যুদ্ধ করে, এর দৃষ্টান্ত হচ্ছে ঐ ব্যক্তির মত (যে মুজাহিদ জিহাদ হতে ফিরে আসা পর্যন্ত) অবিরত অক্লান্ত অবস্থায় রোযা ও নামাযে মশগুল থাকে। আর আল্লাহ পাক তাঁর পথে জিহাদকারীর জন্য এই দায়িত্ব নিয়েছেন যে, যদি তাকে মৃত্যু দান করেন, তবে তাকে জান্নাত দান করবেন আর যদি ফিরিয়ে আনেন তবে নিরাপদে সাওয়াব ও গনীমত সহ ফিরিয়ে আনবেন।" (বুখারী-২৭৮৭ ও মুসলিম)

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ مَا يَعْدِلُ الْجِهَادَ قَالَ " لاَ تَسْتَطِيعُونَهُ " . فَرَدُّوا عَلَيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلاَثًا كُلُّ ذَلِكَ يَقُولُ " لاَ تَسْتَطِيعُونَهُ " . فَقَالَ فِي الثَّالِثَةِ " مَثَلُ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ مَثَلُ الْقَائِمِ الصَّائِمِ الَّذِي لاَ يَفْتُرُ مِنْ صَلاَةٍ وَلاَ صِيَامٍ حَتَّى يَرْجِعَ الْمُجَاهِدُ فِي سَبِيلِ اللَّهِ "

হযরত আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করে, একদা রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে জিজ্ঞাসা করা হল, "কোন কাজটি সওয়াবের দিক থেকে আল্লাহর পথে জিহাদের সমতুল্য?" রাসূলে আকরাম ﷺ বললেন, তোমরা সে কাজের মতো শক্তির অধিকারী নও।" সাহাবায়ে কিরাম দুই কিংবা তিনবার কথাটির পুনরাবৃত্তি করলেন। রাসূলে আকরাম প্রতিবার এটাই বলছিলেন, "তোমাদের এরূপ করার মতো শক্তি-সামর্থ্য নেই। এরপর তিনি বললেন, যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদে লিপ্ত থাকে তার দৃষ্টান্ত হলো সেই ব্যক্তির মতো, যে রোযা রাখে, কিয়াম করে, আল্লাহর আয়াত তিলাওয়াত করে, এবং নামায-রোযার ব্যাপারে গাফিল থাকে না (অনবরত করতেই থাকে যতক্ষণ না); মুজাহিদ জিহাদ শেষে বাড়িতে ফিরে আসে।" (বুখারী-২৮৯৬ ও মুসলিম, তিরমিজি)

جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ دُلَّنِي عَلَى عَمَلٍ يَعْدِلُ الْجِهَادَ. قَالَ " لاَ أَجِدُهُ ـ قَالَ ـ هَلْ تَسْتَطِيعُ إِذَا خَرَجَ الْمُجَاهِدُ أَنْ تَدْخُلَ مَسْجِدَكَ فَتَقُومَ وَلاَ تَفْتُرَ وَتَصُومَ وَلاَ تُفْطِرَ ". قَالَ وَمَنْ يَسْتَطِيعُ ذَلِكَ

বুখারীর আরেক বর্ণনা হল: এক ব্যক্তি নিবেদন করলো, হে আল্লাহর রাসূল! আমায় এমন কোনো আমলের কথা বলুন যা জিহাদের সমতুল্য? তিনি ﷺ বললেন, "আমি এমন কোনো আমল তো দেখছি না।" তারপর আবার বললেন, "তুমি কি এতটা শক্তির অধিকারী, যখন জিহাদকারী

আল্লাহর পথে বের হয়, তখন তুমি মসজিদে প্রবেশ করবে, অতঃপর (মুজাহিদ ফিরে আসার আগ পর্যন্ত) নামায পড়তে থাকবে, এবং গাফলতি করবে না এবং রোযা রাখবে কিন্তু (মুজাহিদ ফিরে আসার আগ পর্যন্ত) ইফতার করবে না।” সে ব্যক্তি বললেন, “এ কাজ করার ক্ষমতা কার আছে?”

তাহলে বন্ধু!!!

এত লাভের কাজ রেখে মিছামিছি কিসের পিছনে ছুটছ, বলতো? ঘরে বসে ইবাদত করে কতটুকুই আর সওয়াব কামাই করতে পারবে? নেক আমলের ধোকায় পড়ে কেন ঘরে বসে আছ, বলতো?

❖ ওহে বন্ধু, ভেবে দেখতো, তুমি কার গোলামী করছ?

বন্ধু হে! একজন আল্লাহর রাহের মুজাহিদ আল্লাহ্‌র একটি ফরয হুকুম বাস্তবায়নের জন্য দুনিয়ার সব কিছু ত্যাগ করে থাকেন। স্নেহের মা-বাবা, প্রাণপ্রিয়া স্ত্রী, কলিজার টুকরা সন্তানসন্ততি, ভাই-বোন, ধন-সম্পদ, টাকা-পয়সা, বাড়ি-গাড়ি, চাকুরী-ব্যবসা, সব। আল্লাহ তা‘আলা মুজাহিদীনকে দুনিয়ার গোলামী থেকে মুক্তি দিয়েছেন। তারা বান্দার দাসত্ব-শৃঙ্খল থেকে মুক্ত হয়ে এক আল্লাহর হুকুম পালন করে যাচ্ছেন, তাঁর গোলামী করছেন, তাঁর জন্য বুকের তাজা রক্ত ঢেলে দিচ্ছেন।

আর অন্যদিকে, আমরা ঘরের মহব্বত, পরিবারের মহব্বত, মালের মহব্বত, চাকুরী-ব্যবসার (পেশার) মহব্বত ছাড়তে পারছি না। দুনিয়ার গোলামী থেকে ‘আযাদ’ হতে পারছি না। বলতো বন্ধু, তাহলে আমরা আসলে কার গোলামী করছি, আল্লাহ তা‘আলার, নাকি নফ্‌স ও দুনিয়ার?

আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন,

قُلْ إِن كَانَ ءَابَآؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَٰنُكُمْ وَأَزْوَٰجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَٰلٌ ٱقْتَرَفْتُمُوهَا وَتِجَٰرَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَٰكِنُ تَرْضَوْنَهَآ أَحَبَّ إِلَيْكُم مِّنَ ٱللَّهِ وَرَسُولِهِۦ وَجِهَادٍ فِى سَبِيلِهِۦ فَتَرَبَّصُوا۟ حَتَّىٰ يَأْتِىَ ٱللَّهُ بِأَمْرِهِۦ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلْفَٰسِقِينَ ٢٤

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহ্র বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তা'আলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।" (০৯ সূরা তাওবাহ: ২৪)

বন্ধু! বুঝলে তো? পিতা-মাতা, সন্তান-সন্ততি, আত্মীয়-স্বজন, ঘর-বাড়ি, ধন-সম্পদ, ব্যবসা-বাণিজ্য, চাকুরি ইত্যাদি এগুলো হল দুনিয়া। আর যারা আল্লাহ্, তাঁর রাসূল ও তাঁর রাহে যুদ্ধ করা থেকে এসব দুনিয়াকে বেশি মহব্বত করবে তারা হচ্ছে ফাসেক (গোনাহে কবীরা সম্পাদনকারী)। আর আল্লাহ্ তা'আলা এসব ফাসেকদেরকে দ্বীনের সঠিক বুঝ দেন না; জিহাদ বুঝবার, আমল করবার, মুজাহিদের মর্তবা হাছিল করার তাওফীক দেন না। আল্লাহ্ পাক আমাদের হেফাযত করুন। আমীন। তাই, বন্ধু, সাবধান!

۞ فَلْيُقَٰتِلْ فِى سَبِيلِ ٱللَّهِ ٱلَّذِينَ يَشْرُونَ ٱلْحَيَوٰةَ ٱلدُّنْيَا بِٱلْءَاخِرَةِ ۚ وَمَن يُقَٰتِلْ فِى سَبِيلِ ٱللَّهِ فَيُقْتَلْ أَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا ٧٤

"কাজেই, আল্লাহর কাছে যারা পার্থিব জীবনকে আখেরাতের পরিবর্তে বিক্রি করে দেয় তাদের আল্লাহর রাস্তায় যুদ্ধ করাই উচিত। বস্তুতঃ যারা আল্লাহর রাহে লড়াই করে এবং অতঃপর মৃত্যুবরণ করে কিংবা বিজয় অর্জন করে, আমি তাদেরকে মহাপুরস্কার দান করব।" (৪ সূরা নিসা: ৭৪)

❖ ওহে আবেদ ব্যক্তি! ওহে বুযুর্গ!

বন্ধু, তুমি তো বুযুর্গি খুঁজে ফির ফরয আমল বাদ দিয়ে কেবল নফল ইবাদতের মধ্যে, আর দ্বীনের একজন মুজাহিদ খুঁজে আল্লাহ পাকের ফরয বিধানের মধ্যে। তুমি তো আতর-সুগন্ধি আর মিষ্টান্ন খাওয়ার মধ্যেই সাওয়াব দেখতে পাও; আর একজন মুজাহিদ ময়দানে সুগন্ধি আর মিষ্টান্ন পাবে কোথায়? আল্লাহর রাস্তার ধুলাবালি, গোলা-বারুদের গন্ধই তার খুশবু, তার মেশক-আম্বর।

শুন বন্ধু! আল্লাহর রাস্তার ধূলাবালিও তো ঘরে বসে ইবাদত করা অপেক্ষা অধিক মূল্যবান। কেননা, তা জাহান্নামের আগুনকে নিভিয়ে দিবে। আর তোমার ঘরের ইবাদত, তোমার নফল ইবাদতের পাবন্দী জাহান্নামের আগুনকে নিভাতে পারবে কিনা তার তো কোনো গ্যারান্টি বা নিশ্চয়তা নেই। আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেন,

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِـىَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ: لَا يَجْتَمِعُ غُبَارٌ فِيْ سَبِيْلِ اللهِ وَدُخَانُ جَهَنَّمَ فِيْ جَوْفِ عَبْدٍ أَبَدًا

"আল্লাহর পথের ধূলি ও জাহান্নামের ধোঁয়া কোনো বান্দার উদরে কখনো একত্রিত হবে না।" (তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ, মুসনাদে আহমাদ)

عَنْ أَبِيْ هُرَيْرَةَ .... لَا يَجْتَمِعُ غُبَارٌ فِيْ سَبِيْلِ اللهِ وَدُخَانُ جَهَنَّمَ فِيْ مَنْخَرِيْ مُسْلِمٍ أَبَدًا

নবী করীম ﷺ আরো বলেন, "আল্লাহ তাআলার রাস্তার ধূলাবালি ও জাহান্নামের ধোঁয়া কখনও কোনো মুসলমানের নাকের ছিদ্রে একত্র হতে পারে না।" (নাসাঈ, তিরমিযী)

প্রিয় ভাই! তোমাকে গুরুত্বপূর্ণ দুটি হাদীস আবারো স্মরণ করিয়ে দিতে চাই!

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُوْلَ اللهِ ﷺ: مَثَلُ الْمُجَاهِدِ فِيْ سَبِيْلِ اللهِ كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ الْقَانِتِ بِأَيَاتِ اللهِ لَا يَفْتَرُ مِنْ صَوْمٍ وَلَا صَدَقَةٍ حَتّٰى يَرْجِعَ الْمُجَاهِدُ إِلٰى أَهْلِهِ

হযরত আবু হুরায়রা রাদি. বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ ﷺ এরশাদ করেছেন, "আল্লাহ্ তা'আলার রাস্তায় গমনকারী মুজাহিদের দৃষ্টান্ত সেই ব্যক্তির ন্যায় যে রোযা রাখে, রাত্রভর নামাযে কুরআনে পাক তিলাওয়াত করে, এবং ততক্ষণ পর্যন্ত অনবরত রোযা ও সদকা করতে থাকে যতক্ষণ না আল্লাহ্ তা'আলার রাস্তায় গমনকারী মুজাহিদ ফিরে আসে।" (ইবনে হিব্বান)

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُوْلَ اللهِ ﷺ يَقُوْلُ: مَثَلُ الْمُجَاهِدِ فِيْ سَبِيْلِ اللهِ، وَاللهُ أَعْلَمُ بِمَنْ يُجَاهِدُ فِيْ سَبِيْلِهِ، كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ الْخَاشِعِ الرَّاكِعِ السَّاجِدِ

হযরত আবু হুরায়রা রাদি. হতে আরেকটি হাদীসে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ ﷺ-কে এই এরশাদ করতে শুনেছি, "আল্লাহ্র রাস্তায় গমনকারী মুজাহিদের দৃষ্টান্ত- আর আল্লাহ্ তা'আলাই খুব ভালো করে জানেন, কে (তাঁর সন্তুষ্টির জন্য) তাঁর রাস্তায় জিহাদ করে- সে ব্যক্তির ন্যায়, যে রোযা রাখে, রাত্রে ইবাদত করে, আল্লাহ্ তা'আলার ভয়ে তাঁর সম্মুখে অনুনয় বিনয় করে, রুকু করে, সিজদা করে।" (নাসাঈ-৩১২৯)

অর্থাৎ আল্লাহ্র রাস্তার মুজাহিদ যিনি আল্লাহ্র দ্বীন কায়েমের জন্য, তাঁর কালিমাকে বুলন্দ করার জন্য যুদ্ধ করেন, তিনি স্বয়ংক্রিয় ভাবেই উক্ত আমলগুলোর সওয়াব লাভ করবেন, একজন মুজাহিদ অটোমেটিক একজন আবেদের সওয়াব/মর্তবা লাভ করে থাকেন, যদিও তিনি সেগুলো না করেন বা কম করে থাকেন।

বন্ধু! তাই বলে এমন ভাবার কোন কারণ নেই যে, মুজাহিদ ভাইয়েরা নাওয়াফেলের (নফল ইবাদতের) কোনো পাবন্দী করেন না! সারাদিন কেবল 'অস্ত্র' আর 'যুদ্ধ' 'যুদ্ধ' করেন! মুজাহিদ ভাইয়েরা নফল নামায, রোযা, যিকির-আযকার ও অন্যান্য নাওয়াফেলের পাবন্দী আলহামদুলিল্লাহ তোমাদের মতই করে থাকেন। বরং হাকীকত হচ্ছে- আমাদের ময়দানের অনেক ভাইদের নফল ইবাদতের পাবন্দী দেখলে (নিজের নাওয়াফেলের স্বল্পতার জন্য) তুমি লজ্জায় মাথা নিচু করে দিবে! তাদের তিলাওয়াত, তাদের তাহাজ্জুদ, তাদের জিকির-আযকার আর রোনাজারি দেখে আমরাও ঈর্ষান্বিত হই! আহ্! তারাতো দিনের বীর আর রাতের সন্ন্যাসী!!

বন্ধু! অবাক হবার কিছু নেই। কেননা, মুজাহিদরাই প্রকৃত আবেদ! আল্লাহ্র দেয়া সীমাসমূহের সর্বাধিক হেফাযতকারী। সুবহানাল্লাহ!!!

কিন্তু কিভাবে?

বন্ধু! ভালো করে বুঝে নাও– কুরআন কারীমে প্রায় ৬,৬৬৬ টি আয়াত রয়েছে। এর মধ্যে সাড়ে পাঁচ হাজারের মত আয়াতে কেবল তাওহীদ, রিসালাত ও আখিরাতের বয়ান করা হয়েছে। বাকী রইল এগারোশত আয়াত, যেগুলোতে শরীয়তের সকল বিধি-বিধান নিয়ে আলোচনা করা হয়েছে; এগুলোই আল্লাহ্পাকের দেয়া বান্দাদের জন্য হুদুদ তথা সীমানা। এই এগারোশত আয়াতের মধ্যে সাড়ে চারশত আয়াতের উপর (প্রায় অর্ধেক সংখ্যক বিধি-নিষেধের আয়াতে) কেবলই যুদ্ধ-জিহাদের আলোচনা। তাহলে তো বন্ধু! 'আল্লাহ্র দেয়া সীমাসমূহের হেফাযত' মুজাহিদরাই সবচেয়ে বেশি করে থাকে- এক. নিজে সকল বিধি-নিষেধের উপর আমল করার মাধ্যমে (এগুলোর মধ্যে 'জিহাদ' ছাড়া বাকিগুলো তোমরাও করছ), আর দুই. নিজের জীবন আল্লাহ্র রাস্তায় কুরবান করে আল্লাহ্র দ্বীন আল্লাহ্র জমীনে কায়েম করার মাধ্যমে। (যে সকল ভাইয়েরা জিহাদ থেকে দূরে আছেন তারা এ কাজটি করছেন না)।

বন্ধু! এর দ্বারা কি কুরআন কারীমের আমলের (বিধি-বিধানের) অর্ধেক আয়াতকে বেকার বানিয়ে ফেলা হচ্ছে না??? (নাউযুবিল্লাহি মিন যালিক)

প্রিয় ভাই! আল্লাহ্ তা'আলা কি আমাদেরকে পরিপূর্ণরূপে ইসলামে প্রবেশ করতে নির্দেশ দেননি? তিনি কি ইরশাদ করেননি-

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱدۡخُلُواْ فِي ٱلسِّلۡمِ كَآفَّةٗ وَلَا تَتَّبِعُواْ خُطُوَٰتِ ٱلشَّيۡطَٰنِۚ إِنَّهُۥ لَكُمۡ عَدُوّٞ مُّبِينٞ ٢٠٨

“হে ঈমানদারগণ! তোমরা পরিপূর্ণরূপে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চিতরূপে সে তোমাদের প্রকাশ্য শত্রু।” (০২ বাকারা: ২০৮)

সুতরাং ভাই! পরিপূর্ণ দ্বীনে প্রবেশের জন্য আমাদের কি জিহাদী মেহনতের সাথে সম্পৃক্ত হওয়া উচিত নয়?

❖ আবার বন্ধু! জেনে রাখ– মুজাহিদ ভাইয়েরাই সর্বাধিক তাকওয়াবান, আল্লাহ তা‘আলাকে ভয়কারী, আল্লাহ্‌র কাছে মুজাহিদ ভাইয়েরাই সবচেয়ে জ্ঞানী এবং সবচেয়ে ‘আরেফ বান্দা।”

এখন প্রশ্ন করতে পার- কিভাবে???

আল্লাহ তা‘আলার ইরশাদ-

إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَاءُ

“নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল জ্ঞানীরাই তাকে সবচেয়ে বেশি ভয় করে।” [৩৫ সূরা ফাতির: ২৮]

অর্থাৎ ঘুরিয়ে বললে, যারা আল্লাহ্ তা‘আলাকে সবচেয়ে বেশি ভয় করে, বুঝা যায় তারাই সর্বাপেক্ষা জ্ঞানী। কেননা, ভয়ের পিছনে যে অন্তর্নিহিত তাৎপর্য ও কারণ রয়েছে, তা হলো আল্লাহ্ পাক সম্পর্কিত জ্ঞান বা পরিচয় (মা’রিফাত)। এই পরিচয় থেকেই ভয়ের উৎপত্তি। যে যত বেশি আল্লাহ্ তা‘আলাকে ভয় করবে, বুঝা যাবে, সে তত বেশি আল্লাহ্ তা‘আলাকে

চিনতে পেরেছে, সে ততবেশি মা'রিফাত লাভ করেছে, সে তত বেশি জ্ঞানী, সে ততবেশি পরহেযগার ও মুত্তাকী!

এখন প্রশ্ন হল, "আল্লাহ্‌র ভয়" কাকে বলে??"

আল্লাহ তাআলার 'বড়ত্ব ও প্রতাপ' স্মরণের ফলে দিলের মাঝে যে অবস্থা উৎপন্ন হয়, কেবল তাকেই 'আল্লাহর ভয় বা তাকওয়া' বলা যায় না।

কেননা ভাই, আল্লাহ তা'আলাকে এই ধরণের ভয় শয়তানও করে থাকে। যেমন, কুরআনে পাকে এরশাদ হয়েছে,

وَإِذْ زَيَّنَ لَهُمُ ٱلشَّيْطَٰنُ أَعْمَٰلَهُمْ وَقَالَ لَا غَالِبَ لَكُمُ ٱلْيَوْمَ مِنَ ٱلنَّاسِ وَإِنِّى جَارٌ لَّكُمْ ۖ فَلَمَّا تَرَآءَتِ ٱلْفِئَتَانِ نَكَصَ عَلَىٰ عَقِبَيْهِ وَقَالَ إِنِّى بَرِىٓءٌ مِّنكُمْ إِنِّىٓ أَرَىٰ مَا لَا تَرَوْنَ إِنِّىٓ أَخَافُ ٱللَّهَ ۚ وَٱللَّهُ شَدِيدُ ٱلْعِقَابِ ٤٨

"আর যখন শয়তান তাদের (কুফ্‌ফারদের) কার্যকলাপকে নিজেদের দৃষ্টিতে সুদৃশ্য করে দিল এবং বলল যে, আজকের দিনে কোনো মানুষই তোমাদের উপর বিজয়ী হতে পারবে না আর আমি হলাম তোমাদের সমর্থক, অতঃপর যখন সামনাসামনি হল উভয় বাহিনী তখন সে অতি দ্রুত পায়ে পেছন দিকে পালিয়ে গেল এবং বলল, আমি তোমাদের সাথে নেই, আমি দেখছি- যা তোমরা দেখছ না; আমি ভয় করি আল্লাহকে। আর আল্লাহর আযাব অত্যন্ত কঠিন।" (৮ সূরা আনফাল: ৪৮)

كَمَثَلِ الشَّيْطٰنِ اِذْ قَالَ لِلْاِنْسَانِ اكْفُرْ ۚ فَلَمَّا كَفَرَ قَالَ اِنِّیْ بَرِیْٓءٌ مِّنْكَ اِنِّیْۤ اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِیْنَ

"তারা শয়তানের মত, যে মানুষকে কাফের হতে বলে। অতঃপর যখন সে কাফের হয়, তখন শয়তান বলেঃ তোমার সাথে আমার কোন সম্পর্ক নেই। আমি বিশ্বপালনকর্তা আল্লাহ তা'আলাকে ভয় করি।" (আল হাশ্‌র ৫৯:১৬)

সুতরাং ভাই! "আল্লাহর ভয় বা তাকওয়া"র প্রকৃত সংজ্ঞা হলো- "আল্লাহ তা'আলার 'বড়ত্ব ও প্রতাপ' স্মরণের ফলে দিলের মাঝে উৎপন্ন অবস্থার কারণে যদি আল্লাহ পাকের নাফরমানী ছেড়ে দেয়া হয় এবং তাঁর হুকুম-আহকাম মানতে নিজেকে বাধ্য করা হয়, তবেই তাকে 'আল্লাহর ভয় বা তাকওয়া বা পরহেযগারী' বলা হবে।"

এখন প্রশ্ন হচ্ছে, আমার মধ্যে ভয় পয়দা হয়েছে কিনা বুঝব কিভাবে? ভয় তো দেখা যায় না, ধরা যায় না, ছোঁয়া যায় না! অন্তরে ভয় থাকলে সেটি অঙ্গ-প্রত্যঙ্গ, আমল ও কার্যকলাপে প্রকাশ পাবে।

প্রিয় বন্ধু, ভালো করে বুঝে নাও, আমার মাঝে 'আল্লাহর ভয়' আছে, বা আমি একজন আল্লাহর ভয়ে ভীত পরহেযগার ব্যক্তি"- এটি দাবী করার বিষয় নয়, প্রমাণ করার বিষয়!!!

সেই 'ভয়'তো ভাই ভয় নয়, যেই ভয় আমাকে গুনাহ থেকে বাঁচায় না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমার রাতের ঘুম হারাম করে আল্লাহর সামনে দাঁড় করায় না!
সেই 'ভয়' তো ভয় নয়, যেই ভয় আমাকে শেষ পরিণতি ও আখিরাতের চিন্তায় অস্থির করে তুলে না!
সেই 'ভয়' তো ভাই ভয় নয়, যেই ভয় আমার দীল থেকে দুনিয়ার মহব্বত দূর করে না, আমাকে দুনিয়ার সাথে সম্পর্ক ছিন্ন করতে শিখায় না!
সেই 'ভয়' তো আর ভয় নয়, যেই ভয় আমাকে আল্লাহর কোনো ফরয হুকুম আদায় করতে বাধ্য করে না!

এমনিভাবে, সেই 'ভয়' তো ভাই ভয় নয়, যেই ভয় আমাকে (আল্লাহর পাকড়াওয়ের আশঙ্কায়) ঘর থেকে বের করে জিহাদের ময়দানে নিয়ে যায় না!

প্রিয় ভাই! নামায যে আল্লাহর হুকুম, জিহাদও তো সেই আল্লাহ্‌রই হুকুম।

রোযা যে আল্লাহ্‌র হুকুম, জিহাদও তো সেই আল্লাহ্‌রই হুকুম।

তাহলে ভাই, যে আল্লাহর ভয়ে আমি নামায তরক করি না, জিহাদ তরক করার ক্ষেত্রে কেন সেই একই আল্লাহকে ভয় করি না?

যে আল্লাহর ভয়ে আমি রোযা তরক করি না, জিহাদ তরক করার ক্ষেত্রে কেন সেই একই আল্লাহকে ভয় করি না?

এমনিভাবে, যে আল্লাহর ভয়ে আমি তা'লীম, তাযকিয়া আর দাওয়াতের মেহনত তরক করি না, জিহাদ তরক করার ক্ষেত্রে কেন সেই একই আল্লাহকে ভয় করি না?

অথচ, জিহাদ তরক করার ব্যাপারে কত হুমকী ও ধমকী দিয়েছেন কুরআন কারীমে খোদ আল্লাহ্ তা'আলা, এমনকি পরকালে জাহান্নাম এবং দুনিয়াতে আমাদের অস্তিত্ব বিলীন করে দেয়ার মতোও হুমকি দিয়েছেন-

إِلَّا تَنفِرُواْ يُعَذِّبۡكُمۡ عَذَابًا أَلِيمًا وَيَسۡتَبۡدِلۡ قَوۡمًا غَيۡرَكُمۡ وَلَا تَضُرُّوهُ شَيۡـًٔاۗ وَٱللَّهُ عَلَىٰ كُلِّ شَيۡءٍ قَدِيرٌ ٣٩

"তোমরা যদি (তাঁর পথে জিহাদের জন্য) বের না হও, তাহলে (এ জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দিবেন এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দিবেন, তোমরা তার কোনই অনিষ্ট সাধন করতে পারবে না, আল্লাহ তা'আলা সব কিছুর উপর ক্ষমতাশীল।" (০৯ সূরা তাওবা: ৩৯)

মুহাম্মাদ আলী সবূনী (রহঃ) উপর্যুক্ত আয়াতের তাফসীরে বলেন:

[إلا تنفروا يعذبكم عذابا أليما] أى ان لا تخرجوا الى الجهاد مع رسول الله ، يعذبكم الله عذابا اليما موجعا ، باستيلاء العدو عليكم في الدنيا ، وبالنار المحرقة في الاخرة ،

"যদি তোমরা যুদ্ধে বের না হও, তিনি তোমাদেরকে বেদনাদায়ক শাস্তি দেবেন" অর্থাৎ তোমরা যদি রাসূলুল্লাহ ﷺ-এর সাথে জিহাদে বের না হও, আল্লাহ তা'আলা তোমাদেরকে কঠিন যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন, দুনিয়াতে তোমাদের উপর শত্রুকে চাপিয়ে দিয়ে। আর পরকালে জ্বলন্ত আগুন দিয়ে। [সফওয়াতুত তাফাসীর, দেখুন:উক্ত আয়াতের তাফসীর]

তাই ভাই, আমরা যদি সত্যিই আল্লাহ্ তা'আলাকে প্রকৃত অর্থে ভয় করে থাকি, প্রকৃত অর্থে আমরা মুত্তাকী হয়ে থাকি, সত্যিই যদি আমরা দুনিয়া ও আখিরাতে আল্লাহ্ পাকের আযাব ও জাহান্নামকে ভয় করে থাকি, তাহলে কিভাবে জিহাদ না করে আমরা বসে থাকতে পারি???

সুতরাং, বুঝা গেল, যেহেতু জিহাদ সবচেয়ে কঠিন ও বিপজ্জনক আমল, আর যে বা যারা সেই সকল বিপদাপদ ও কঠিন পরীক্ষাসমূহ উপেক্ষা করে নিজের জানের বাজি রেখে আল্লাহ্র ভয়ে আল্লাহ্র রাহে জিহাদ করছেন, তাদের অন্তরে আল্লাহ্র ভয় সর্বাধিক! আল্লাহ্কে ভয় করার ক্ষেত্রে মর্দে মুজাহিদগণই সবচেয়ে বেশি সত্যবাদী! সবচেয়ে বেশি ভয় করার কারণে মুজাহিদ ভাইয়েরাই আল্লাহ্র কাছে সবচেয়ে বেশি জ্ঞানী। তারাই সবচেয়ে বেশি পরহেযগার ও মুত্তাকী! তারাই সবচেয়ে 'আরেফ বিল্লাহ! যেমনটি আল্লাহ্ পাক ইরশাদ করেছেন-

إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَاء

"নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল জ্ঞানীরাই তাকে সবচেয়ে বেশি ভয় করে।" [৩৫ সূরা ফাতির: ২৮]

সুবহানাল্লাহ্! এটিই চরম বাস্তবতা!

❖ ওহে বৃদ্ধ! ওহে অক্ষম! ওহে যৌবনের আড়ালে যার বার্ধক্যের কঙ্কাল!

বন্ধুহে, আমার কথায় কষ্ট নিও না! তোমার ঘরের ইবাদত আল্লাহর কাছে ততটা মূল্যবান নয়, যতটা একজন মুজাহিদের প্রশিক্ষণের জন্য খেলাধুলা করাটা আল্লাহর কাছে মূল্যবান।

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

كُلُّ مَا يَلْهُو بِهِ الرَّجُلُ الْمُسْلِمُ بَاطِلٌ إِلاَّ رَمْيَهُ بِقَوْسِهِ وَتَأْدِيبَهُ فَرَسَهُ وَمُلاَعَبَتَهُ أَهْلَهُ فَإِنَّهُنَّ مِنَ الْحَقِّ

"মুসলিম ব্যক্তির সকল ক্রীড়া-কৌতুকই বৃথা। তবে তীর নিক্ষেপ, ঘোড়ার প্রশিক্ষণ এবং নিজ স্ত্রীর সাথে ক্রীড়া-কৌতুক বৃথা নয়। (কারণ) এগুলো হল উপকারী ও বিধি সম্মত।" (ইবনু মাজাহ-২৮১১; জামে' আত-তিরমিজি- ১৬৩৭, নাসাঈ, আবু দাউদ, মুসনাদে আহমাদ, দারিমী)

হযরত মুজাহিদ রাহিমাহুল্লাহ বলেন, আমি আব্দুল্লাহ ইবনে উমর রাদিয়াল্লহু আনহুকে এক কাপড় পরিহিত অবস্থায় দুটি লক্ষ্যবস্তুর মাঝে দৌড় প্রশিক্ষণ নিতে দেখেছি।

হযরত হুযাইফা রাদিয়াল্লহু আনহু হতে বর্ণিত, তিনি এক কাপড় পরিহিত অবস্থায় দুটি লক্ষ্যবস্তুর মাঝে দৌড় প্রশিক্ষণ নিতেন। (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৩৯৩)

❖ ওহে যার যৌবনরস ফুরিয়ে গেছে! যার শৌর্য–বীর্য শুকিয়ে গেছে!

প্রিয় বন্ধু আমার! আমাদের আছে ইযয্তের যিন্দেগী আর তোমাদের জন্য রয়েছে লাঞ্ছনা!

قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْخَيْلُ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ ".

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "ঘোড়ার কপালে কিয়ামত দিবস পর্যন্ত কল্যাণ বেঁধে দেয়া হয়েছে।" (বুখারী-২৮৪৯, মুসলিম, ইবনে মাজাহ, তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ, দারিমী।)

حَدَّثَنَا عُرْوَةُ الْبَارِقِيُّ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " الْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ الأَجْرُ وَالْمَغْنَمُ ".

উরওয়াহ বারিকী (রাঃ) থেকে বর্ণিত: নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, ঘোড়ার কপালের কেশ গুচ্ছে কল্যাণ রয়েছে কিয়ামত পর্যন্ত। অর্থাৎ (আখিরাতের) পুরষ্কার (জান্নাত) এবং গনীমতের মাল। (বুখারী, হাদিস নং ২৮৫২)

অপর এক হাদীসে এসেছে,

العزّ فى نواصى الخيل، والذّلّ فى أذناب البقر

"ঘোড়ার ললাটে ইয্যত রয়েছে। আর অন্যদিকে, গরুর লেজে রয়েছে লাঞ্ছনা।" (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৩৯৩)

عَنْ اِبْنِ عُمَر قَالَ، سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْل، اِذَا تَبَايَعْتُمْ بِالْعِيْنَةِ وَاَخَذْتُمْ اَذْنَابَ الْبَقَرِ وَرَضِيْتُمْ بِالزَّرْعِ وَتَرَكْتُمُ الْجِهَادَ سَلَّطَ اللهُ عَلَيْكُمْ ذُلًّا لَا يَنْزِعُهُ حَتىّٰ تَرْجِعُوْا اِلىٰ دِيْنِكُمْ

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রদিয়াল্লহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-কে বলতে শুনেছি যে, "যখন তোমরা 'ঈনাহ' (এক ধরণের সুদভিত্তিক ব্যবসা) পদ্ধতিতে ক্রয় বিক্রয় এবং ব্যবসা বাণিজ্যে পুরাপুরি মশগুল হয়ে যাবে এবং গরুর লেজ ধরে খেত খামারে মগ্ন হয়ে যাবে আর জিহাদ করা ছেড়ে দিবে তখন আল্লাহ তা'আলা তোমাদের উপর এমন অপমান চাপিয়ে দিবেন, যা ততক্ষণ পর্যন্ত দূর হবে না যতক্ষণ না তোমরা আপন দ্বীনের দিকে ফিরে আসবে।" (আবু দাউদ)

অর্থাৎ মানুষ যখন জিহাদে লিপ্ত হবে, তখন তাতে ইসলাম ও মুসলমানদের ইয্যত ও মান-মর্যাদা বৃদ্ধি পাবে, বিশ্বের নেতৃত্বের আসনে তারা সমাসীন থাকবে। আর যখন জিহাদ পরিত্যাগ করে গরুর লেজের অনুসরণ করবে, লাঙ্গল-জোয়াল নিয়ে ক্ষেত-খামারে লিপ্ত হবে, তখন মুসলমান জাতি হবে লাঞ্ছিত, অপদস্থ। (যেমনটি হচ্ছে বর্তমান বিশ্বে, পৃথিবীর প্রতিটি আনাচে কানাচে।)

❖ বন্ধু হে! তুমি কি তোমার নিজের অস্তিত্বকে ভালোবাস না?

তোমরা মৃত্যুবরণ করলে মাটি তোমাদের দেহকে শেষ করে ফেলবে, তোমার সুন্দর চেহারা, শুভ্র ত্বক, কাজল কালো চোখ, সুউচ্চ নাসিকা, বলিষ্ঠ দেহ, এগুলো তো হবে কীট আর পোকা-মাকড়ের আহার্য?

কিন্তু আমরা? আমরা যদি শহীদ হই, আমাদের দয়াবান প্রভু আমাদের দেহকে কবরের মাটি আর পোকা-মাকড়ের জন্য হারাম করেছেন। একটি পশমও তারা স্পর্শ করবে না। তাছাড়া আমরা কবরে অনন্ত জীবন লাভ করবো, তোমাদের দেহ কি মৃত্যুর সাথে সাথে পঁচে-গলে ধ্বংস হয়ে যাবে না?

ওহে বন্ধু! শুনে রাখ! তোমরা মরলে তোমাদের লাশগুলো পঁচে যায়, দুর্গন্ধময় হয়ে যায়, আর আমাদের রক্ত থেকে মেশক-আম্বরের নয়, বরং এক অপার্থিব সুবাস বেরিয়ে আসে। তোমাদের ক্ষেত্রে কি কখনো তা হয়?

তাছাড়া, ইনশাআল্লাহ, আমরা শাহাদাত লাভের সাথে সাথেই হূরে ঈনের সাক্ষাৎ লাভ করব; জান্নাতে চলে যাব; সবুজ পাখি হয়ে জান্নাতে যেখানে খুশি ঘুরে বেড়াব, জান্নাতের ফলমূল আহার করব; মৃত্যুর কষ্ট নেই; কবরের আযাব নেই; হিসাব-নিকাশের ভয় নেই; কিয়ামতের ময়দানে কোনো পেরেশানী নেই; থাকব সর্বোচ্চ জান্নাতে-জান্নাতুল ফিরদাউসে, আল্লাহ পাকের আরশের ঠিক নিচে, মাওলার প্রতিবেশি হয়ে।

বলতো বন্ধু! ঘরে বসে তোমার কোন্ আমলের প্রতিদানে তুমি এগুলোর কোনো একটির আশা করতে পার??

❖ বন্ধু হে! তুমি কি তোমার পরিবার–পরিজনকে ভালোবাস না?

বন্ধু! তোমরা তো পিতা-মাতা আর স্ত্রী-সন্তানের হক আদায় কর মোবাইলে একটু খোঁজ-খবর নিয়ে, বছরে দুয়েকবার দুয়েক সেট কাপড় দিয়ে, কিছু ভরন-পোষণ করে, দুয়েক লিটার দুধ, কিছু ফল-মূল, আমের মৌসুমে দুয়েক কেজি আম, কাঁঠালের মৌসুমে দুয়েকটা কাঁঠাল খাইয়ে, একটু আদর-যত্ন, সোহাগ-ভালোবাসা দিয়ে।

অন্যদিকে, আমরা দূরে ময়দানে থেকে আমাদের পরিবার-পরিজনদের তোমাদের মতো হয়ত খোঁজ-খবর নিতে পারি না, আমাদের চক্ষুগুলো তাদের বিরহে অশ্রুপাত করে, জানি, তারাও আমাদের বিরহে ছটফট করে, তাদের মুখে হাসি ফুটাতে পারি না; তবুও আমরা আমাদের রবের ফরয বিধান আঞ্জাম দিয়ে যাচ্ছি, আমরা আশা করি, দুনিয়াতে যদি তাদের সাথে দেখা নাও হয়, আল্লাহ্‌র আরশের ছায়াতলে-জান্নাতে একদিন আমরা অবশ্যই একত্রিত হবো, ইনশাআল্লাহ। কেননা, আমাদের রবের ওয়াদা সত্য।

وَٱلَّذِينَ ءَامَنُواْ وَٱتَّبَعَتۡهُمۡ ذُرِّيَّتُهُم بِإِيمَٰنٍ أَلۡحَقۡنَا بِهِمۡ ذُرِّيَّتَهُمۡ وَمَآ أَلَتۡنَٰهُم
مِّنۡ عَمَلِهِم مِّن شَيۡءٖۚ

"যারা ঈমানদার এবং যাদের সন্তানরা ঈমানে যাদের অনুগামী, আমি তাদেরকে তাদের পিতৃপুরুষের সাথে মিলিত করে দিব এবং তাদের আমল বিন্দুমাত্রও হ্রাস করবো না। (৫২ সূরা তূর: ২১)

বন্ধু! একটু চিন্তা করতো, তখন আমাদের পরিবার পরিজনরা কোন জান্নাতে থাকবে? তারা তখন মুজাহিদের জান্নাতে থাকবে। তারা তখন শহীদের জান্নাতে থাকবে। আমাদের স্ত্রী-সন্তানরা, তারা তো যুদ্ধ না করেও শুধুমাত্র আমাদের বিরহে সবর করার কারণে, মুজাহিদ ও শহীদের জান্নাতে আমাদের সাথে ইনশাআল্লাহ একত্রে থাকবে।

عَنِ الْمِقْدَامِ بْنِ مَعْدِيكَرِبَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لِلشَّهِيدِ عِنْدَ اللَّهِ سِتُّ خِصَالٍ يُغْفَرُ لَهُ فِي أَوَّلِ دَفْعَةٍ وَيَرَى مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ وَيُجَارُ مِنْ عَذَابِ الْقَبْرِ وَيَأْمَنُ مِنَ الْفَزَعِ الأَكْبَرِ وَيُوضَعُ عَلَى رَأْسِهِ تَاجُ الْوَقَارِ الْيَاقُوتَةُ مِنْهَا خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا وَيُزَوَّجُ اثْنَتَيْنِ وَسَبْعِينَ زَوْجَةً مِنَ الْحُورِ الْعِينِ وَيُشَفَّعُ فِي سَبْعِينَ مِنْ أَقَارِبِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ غَرِيبٌ .

মিকদাব ইবনু মা'দীকারিব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "শহীদের জন্য আল্লাহ্ তা'আলার নিকট ছয়টি পুরস্কার বা সুযোগ আছে। তাঁর প্রথম রক্তবিন্দু পড়ার সাথে সাথে তাঁকে ক্ষমা করা হয়, তাঁকে তাঁর জান্নাতের বাসস্থান দেখানো হয়, কবরের আযাব হতে তাঁকে মুক্তি দেওয়া হয়, সে কঠিন ভীতি হতে নিরাপদ থাকবে, তাঁর মাথায় মর্মর পাথর খচিত মর্যাদার টুপি পরিয়ে দেওয়া হবে। এর এক একটি পাথর দুনিয়া ও তাঁর মধ্যকার সবকিছু হতে উত্তম। তার সাথে টানা টানা আয়তলোচনা বাহাত্তরজন জান্নাতী হূরকে বিয়ে দেওয়া হবে এবং তাঁর সত্তরজন নিকটাত্মীয়ের জন্য তাঁর সুপারিশ কবুল করা হবে।" (জামে' আত-তিরমিজি, হাদিস নং ১৬৬৩)

عَنْ اَبِيْ الدَّرْدَاءِ رَضِىَ اللهُ عَنْهُ يَقُوْلُ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ: يُشَفَّعُ الشَّهِيْدُ فِيْ سَبْعِيْنَ مِنْ أَهْلِ بَيْتِهِ - ابو داود كتاب الجهاد باب في الشهيد يشفع، البيهقى كتاب السير باب الشهيد يشفع، مشارع الاشواق ٧٣٩-١١٤٨

হযরত আবূ দারদা রাদি. বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, "শহীদ নিজ পরিবারভূক্ত সত্তরজনের জন্য সুপারিশ করবে।" (আবু দাউদ, বাইহাক্বী, মাশারিউল আশওয়াক্ব)

সুব্হানাল্লাহ!

একটু ভাব তো বন্ধু! নিজের পরিবার পরিজন আর মা বাবাকে বছরে দুয়েক সেট কাপড় আর দুয়েক কেজি আম খাওয়ানোর তুলনায় কত উত্তম হক আদায় করা এটি!! তাই না!

❖ ওহে তুমি কি মনে করছো, এখনতো আমরা দুর্বল, শারীরিক সক্ষমতা নেই, অর্থ সম্পদ নেই, অস্ত্র-শস্ত্র নেই, জিহাদ করবো কিভাবে?

আল্লাহ তা'আলা কি বলেননি যে,

ٱنفِرُواْ خِفَافًا وَثِقَالًا وَجَٰهِدُواْ بِأَمۡوَٰلِكُمۡ وَأَنفُسِكُمۡ فِي سَبِيلِ ٱللَّهِۚ ذَٰلِكُمۡ خَيۡرٞ لَّكُمۡ إِن كُنتُمۡ تَعۡلَمُونَ﴿٤١﴾

“তোমরা বের হয়ে পড়, হালকা বা ভারী সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের জান ও মাল দিয়ে, এটি তোমাদের জন্যে অতি উত্তম, যদি তোমরা বুঝতে পার।” (০৯ সূরা তাওবা: ৪১)

ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ ‘হালকা বা ভারী’ এর দশটি অর্থ করেছেন।

১. দলবদ্ধভাবে সারিয়্যা হিসেবে (হালকা) বা পৃথকভাবে (ভারী)।

২. যুবক হও (হালকা) কিংবা বৃদ্ধ (ভারী)।

৩. আগ্রহ থাকুক (হালকা) বা না থাকুক (ভারী)।

৪. ধনী হও (হালকা) কিংবা গরীব (ভারী)।

৫. ব্যস্ত হও (ভারী) কিংবা অবসরে থাক (হালকা)।

৬. এমন সম্পত্তি থাকা যা ছাড়তে ইচ্ছা হয় না (ভারী), বা না থাকা (হালকা)

৭. পরিবার-পরিজন থাকুক (ভারী) বা না থাকুক (হালকা)।

৮. পদাতিক (ভারী) কিংবা অশ্বারোহী (হালকা)।

৯. যুদ্ধের অগ্রগামী বাহিনীতে থাক (ভারী) কিংবা পুরো বাহিনীর সাথে থাক (হালকা)।

১০. সাহসী বীরপুরুষ হও (হালকা) কিংবা ভীরু কাপুরুষ (ভারী)।

ওহে বন্ধু! তুমি এগুলোর বাহিরে কোন্ দলে আছ? তোমার পালানোর কোনো সুযোগ আছে কি?

قُل لِّلْمُخَلَّفِينَ مِنَ ٱلْأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلَىٰ قَوْمٍ أُوْلِى بَأْسٍ شَدِيدٍ تُقَٰتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ ۖ فَإِن تُطِيعُوا۟ يُؤْتِكُمُ ٱللَّهُ أَجْرًا حَسَنًا ۖ

وَإِن تَتَوَلَّوْاْ كَمَا تَوَلَّيْتُم مِّن قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا ١٦ لَّيْسَ عَلَى ٱلْأَعْمَىٰ حَرَجٌ وَلَا عَلَى ٱلْأَعْرَجِ حَرَجٌ وَلَا عَلَى ٱلْمَرِيضِ حَرَجٌ ۗ وَمَن يُطِعِ ٱللَّهَ وَرَسُولَهُۥ يُدْخِلْهُ جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ ۖ وَمَن يَتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا أَلِيمًا ١٧

"১৬। গৃহে অবস্থানকারী মরুবাসীদেরকে বলে দিন: আগামীতে তোমরা এক প্রবল পরাক্রান্ত জাতির সাথে যুদ্ধ করতে আহূত হবে। তোমরা তাদের সাথে যুদ্ধ করবে, যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায়। তখন যদি তোমরা নির্দেশ পালন কর, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম পুরস্কার দিবেন। আর যদি পৃষ্ঠপ্রদর্শন কর যেমন ইতিপূর্বে পৃষ্ঠপ্রদর্শন করেছ, তবে তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন। ১৭। (কেবল) অন্ধের জন্যে, খঞ্জের জন্যে ও রুগ্নের জন্যে (জিহাদের উদ্দেশ্যে ঘর থেকে বের না হলে) কোনো অপরাধ নেই, এবং যে কেউ আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে তাকে তিনি জান্নাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত হয়। পক্ষান্তরে, যে ব্যক্তি পৃষ্ঠপ্রদর্শন করবে, তাকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন।" (৪৮ সূরা ফাত্হ:১৬-১৭)

❖ ওহে বন্ধু! জিহাদের জন্য তোমার প্রস্তুতি কোথায়?

বন্ধু, তুমি হয়ত বলবে, আমি তো জিহাদকে সমর্থন করি, জিহাদ করাকে আমিও ভালোবাসি। সুযোগ পেলে আমিও তো জিহাদ করতে চাই।

ভালো কথা, বন্ধু! তোমার দাবী যদি সত্যি হয়, তাহলে জিহাদের জন্য তোমার প্রস্তুতি কোথায়?

আল্লাহ তা'আলার হুকুম-

وَاَعِدُّوْا لَہُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّۃٍ وَّمِنْ رِّبَاطِ الْخَیْلِ تُرْہِبُوْنَ بِہٖ عَدُوَّ اللّٰہِ وَعَدُوَّکُمْ وَاٰخَرِیْنَ مِنْ دُوْنِہِمْ ۚ لَا تَعْلَمُوْنَہُمْ ۚ اَللّٰہُ یَعْلَمُہُمْ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ شَیْءٍ فِیْ سَبِیْلِ اللّٰہِ یُوَفَّ اِلَیْکُمْ وَاَنْتُمْ لَا تُظْلَمُوْنَ

"আর তোমরা তাদের মুকাবিলার জন্য যথাসাধ্য প্রস্তত রাখ শক্তি ও অশ্ব বাহিনী, তা দিয়ে তোমরা ভীত-সন্ত্রস্ত করবে আল্লাহ্‌র শত্রুকে, তোমাদের শত্রুকে এবং এরা ছাড়া অন্যদেরকে যাদেরকে তোমরা জান না, আল্লাহ্ তাদেরকে জানেন। আল্লাহ্‌র পথে তোমরা যা কিছু ব্যয় করবে তার পূর্ণ প্রতিদান তোমাদেরকে দেয়া হবে এবং তোমাদের প্রতি যুলুম করা হবে না। (সূরা আল আনফাল ৮:৬০)

বন্ধু, তুমি যে জিহাদ করতে চাও, তাহলে আল্লাহ্ পাকের এই হুকুমের বাস্তবায়ন তোমার জীবনের কোথায় আছে??

তুমি কি অস্ত্রের প্রশিক্ষণ নিয়েছ?

অস্ত্র ক্রয়ের জন্য কি তুমি অর্থ সঞ্চয় করেছ?

মানসিক ভাবে তুমি কি এখনি মৃত্যুর জন্য প্রস্তুত?

জিহাদের জন্য কি তুমি মাঠ প্রস্তুত করছ?

দাওয়াহ্ ও ই'দাদ- এর মেহনত কতটুকু করছ তুমি??

জিহাদ সম্পর্কিত প্রয়োজনীয় ইলম হাছিল করেছ কি তুমি??

জিহাদী কার্যক্রমের সাথে সম্পৃক্ত হয়েছ কি তুমি??

(কিভাবে জিহাদের সাথে সম্পৃক্ত হব ও প্রস্তুতি গ্রহণ করব এ সম্পর্কে বিস্তারিত পড়ুন– কিতাবুত তাহ্রীদ্ দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ, লিংক- https://bit.ly/tahrid2)

বন্ধু! কমপক্ষে, আর কিছু না থাকুক, তুমি কি জিহাদের জন্য শারীরিক ভাবে উপযুক্ত? তুমি কি নিয়মিত শরীরচর্চা দ্বারা নিজেকে যুদ্ধের উপযুক্ত রাখছ? না হলে তো তুমি জিহাদের ময়দানে এসেও লেজ গুটিয়ে পালাবে!

আল্লাহ্ পাক আমাদের হেফাযত করুন। আমীন।

আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন-

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓاْ إِذَا لَقِيتُمُ ٱلَّذِينَ كَفَرُواْ زَحۡفٗا فَلَا تُوَلُّوهُمُ ٱلۡأَدۡبَارَ ١٥ وَمَن يُوَلِّهِمۡ يَوۡمَئِذٖ دُبُرَهُۥٓ إِلَّا مُتَحَرِّفٗا لِّقِتَالٍ أَوۡ مُتَحَيِّزًا إِلَىٰ فِئَةٖ فَقَدۡ بَآءَ بِغَضَبٖ مِّنَ ٱللَّهِ وَمَأۡوَىٰهُ جَهَنَّمُۖ وَبِئۡسَ ٱلۡمَصِيرُ ١٦

"হে ঈমানদারগণ! তোমরা যখন কাফেরদের সাথে যুদ্ধে মুখোমুখী হবে, তখন পশ্চাদপসরণ করবে না। আর যে লোক সেদিন তাদের থেকে পশ্চাদপসরণ করবে, অবশ্য যে লড়াইয়ের কৌশল পরিবর্তনকল্পে কিংবা যে নিজ সৈন্যদের নিকট আশ্রয় নিতে আসে সে ব্যতীত- অন্যরা আল্লাহ্র গযব সাথে নিয়ে প্রত্যাবর্তন করবে। আর তার ঠিকানা হল জাহান্নাম। বস্তুতঃ সেটা হল নিকৃষ্ট অবস্থান।" (০৮ সূরা আল আনফাল: ১৫-১৬)

বন্ধু! যেখানে তুমি দুই কিলোমিটার হাঁটতে পার না, সেখানে তুমি দশ কিলোমিটার দৌঁড়াবে কি করে? যেখানে তুমি দু'তলা সিঁড়ি বেয়ে উঠতে

পারনা, সেখানে তুমি পাহাড়-পর্বতের উপর আরোহন করার আশা কর কী করে? খেয়ে খেয়ে ভুঁড়ি বানিয়ে জিহাদ করার আশা করা দিবা স্বপ্ন নয় কি বন্ধু? (জিহাদ লাগলে/ জিহাদের ডাক আসলে জুড়ে যাব!) এটা কি নিজেকে মিথ্যা আশা দেয়া নয়?

শুনে রাখ! এরূপ মৌখিক জিহাদের স্পৃহা আল্লাহর রাসূলের যামানার মুনাফেকরাও দেখাত! (আল্লাহই ভালো জানেন আমাদের দিলের অবস্থা!)

আল্লাহ তাআলার ইরশাদ,

۞وَلَوْ أَرَادُواْ ٱلْخُرُوجَ لَأَعَدُّواْ لَهُۥ عُدَّةً وَلَٰكِن كَرِهَ ٱللَّهُ ٱنۢبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ ٱقْعُدُواْ مَعَ ٱلْقَٰعِدِينَ ٤٦

"আর যদি তাদের যুদ্ধের জন্য বের হবার (প্রকৃত) ইচ্ছা (এরাদা) থাকত, তবে অবশ্যই কিছু না কিছু সরঞ্জাম ব্যবস্থা করত (প্রস্তুতি নিত), (যেহেতু তারা যুদ্ধের জন্য প্রস্তুত নয়, অন্তরে নেফাক তাই) আল্লাহ তাদের বের হওয়াকে পছন্দ করেননি, তাই তাদের নিবৃত রাখলেন এবং আদেশ করা হল, (ঘরে) বসা লোকদের (নারী, শিশু, বৃদ্ধ, শারীরিকভাবে অক্ষম ও অন্যান্য মুনাফেকদের) সাথে বসে থাক।" (০৯ সূরা তাওবাহ: ৪৬)

বন্ধু! 'তামান্না ও এরাদা'র মধ্যে পার্থক্যটা বুঝে নাও। তামান্না (ইচ্ছা) হলো ঐ আকাঙ্ক্ষার নাম, যাতে কেবল কোনো একটি কাজের প্রতি আগ্রহ প্রকাশ করা হয়, কিন্তু সে কাজটি আঞ্জাম দেয়ার জন্য কোনো প্রস্তুতি গ্রহণ কিংবা কদম দেয়া হয় না। জিহাদের ক্ষেত্রে কেবল (জিহাদী/শহীদী তামান্না-ই গ্রহণযোগ্য নয়; জিহাদের জন্য চাই 'এরাদা'। কোনো একটি

কাজের ক্ষেত্রে এরাদা হলো সেই ঐকান্তিক ইচ্ছার নাম যার সাথে কাজটি সম্পাদন করার জন্য যথোপযুক্ত ও সাধ্যমত প্রস্তুতি ও প্রচেষ্টা বর্তমান থাকে।

প্রিয় ভাই! আল্লাহ্র রাসূলের যামানার মুনাফিকরাও জিহাদের জন্য তামান্না প্রদর্শন করতো, কিন্তু তাদের কোনো এরাদা ছিল না, যেমনটি আমরা পূর্বের আয়াতে জেনেছি।

আল্লাহ পাক আরো ইরশাদ করেন-

وَقِيلَ لَهُمْ تَعَالَوْاْ قَٰتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَوِ ٱدْفَعُواْۖ قَالُواْ لَوْ نَعْلَمُ قِتَالًا لَّٱتَّبَعْنَٰكُمْۗ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَٰنِۚ يَقُولُونَ بِأَفْوَٰهِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْۚ وَٱللَّهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُونَ ١٦٧

"আর তাদেরকে বলা হল এসো, আল্লাহর রাহে লড়াই কর কিংবা শত্রুদেরকে প্রতিহত কর। তারা বলেছিল, আমরা যদি জানতাম, লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম (এবং যুদ্ধ করতাম)। সেদিন তারা ঈমানের তুলনায় কুফরীর কাছাকাছি ছিল। যা তাদের অন্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে; বস্তুতঃ আল্লাহ ভালভাবে জানেন, যা তারা গোপন করে থাকে।" (০৩ সূরা আলে ইমরান: ১৬৭)

সুতরাং বন্ধু! তুমি কি ভয় করছ না, এখনও আল্লাহ তা'আলা তোমাকে কেন জিহাদের জন্য কবুল করছেন না!!!!

❖ ওহে বন্ধু আমার! তুমি কি তোমার নিজের ব্যাপারে 'নিফাকের' ভয় কর না??

যাদের অন্তরে কুফুরী, যারা অন্তর থেকে ইসলাম ও আল্লাহ্‌র হুকুমকে কবুল করেনি কিন্তু নিজেকে মুসলমান হিসেবে পরিচয় দেয়, তাদেরকে "মুনাফিক" বলা হয়।

হযরত ইবনে আবি মুলাইকা রাহিমাহুল্লাহ বলেন, "আমি ত্রিশজন সাহাবা রাদিয়াল্লাহু আনহুম আযমাঈনদের সহিত সাক্ষাৎ করেছি। তাঁরা প্রত্যেকে নিজের সম্পর্কে মুনাফিক হওয়ার ভয় করছিলেন।" (বুখারী)

অর্থাৎ তাঁরা মনে করতেন, আমাদের বাহ্যিক অবস্থা যেমন উত্তম, উহার ভিতরগত অবস্থা তেমন উত্তম নয়। এই কারণে তাঁরা নিজের মধ্যে নেফাকের ভয় করতেন।

আমরা গুনাহকে যেই পরিমাণ ভয় করি না, সাহাবায়ে কেরাম তো তাঁদের নেক আমল কবুল না হওয়াকে তার থেকে অনেক বেশি ভয় করতেন। হায়! আমাদের অন্তরে নিফাক থাকা সত্ত্বেও আমরা নিজেদেরকে পাক্কা ঈমানদার মনে করি। আর তাঁদের ঈমানকে স্বয়ং আল্লাহ পাক মানদণ্ড ঘোষণা করার পরও তারা নিজেদের ব্যাপারে 'মুনাফিক' হয়ে যাওয়ার ভয় করতেন।

আহ! তাঁরা আল্লাহর হুকুমের ব্যাপারে কতুটুকু সতর্ক ছিলেন!

বন্ধু, তোমার তো মনে আছে নিশ্চয়ই!

নবুয়তের যামানায় সর্বপ্রথম যে ঘটনাকে কেন্দ্র করে আল্লাহ তা'আলা মুনাফেকদের মুখোশ উন্মোচন করেন তা হলো ওহুদের যুদ্ধ। মুনাফেকদের সরদার আব্দুল্লাহ ইবনে উবাই এবং তার অনুসারী প্রায় ৩০০ জন মূল

